

মসজিদের জন্য লেবাস-পোশাক

আমার শ্রমিক ও কর্মজীবী ভাই!

আপনার পরিশ্রম ও কাজের পোশাক অপর নামাযীকে কষ্ট দেয় এবং মসজিদ নোংরা করে। অতএব তাদেরকে কষ্ট দিয়ে আপনি নিজেকে গোনাহগার করবেন না।

আমার শ্রমিক ও কর্মজীবী ভাই!

আল্লাহ ও তাঁর রসূল মসজিদের পবিত্রতা রক্ষা করতে এবং মসজিদের জন্য সুন্দর সাজ-সজ্জা গ্রহণ করতে আদেশ করেছেন। সুতরাং সেই আদেশ পালন করুন এবং আপনার কাজের (ময়লা ও দুর্গন্ধময়) কাপড়েই মসজিদে প্রবেশ করবেন না।

মহান আল্লাহ বলেন, হে আদমের বংশধরগণ! তোমরা প্রত্যেক নামাযের সময় সুন্দর পরিচ্ছদ পরিধান কর। (সূরা আ'রাফ ৩১ আয়াত)

মহানবী ﷺ বলেছেন, “তোমাদের মধ্যে যাদের সামর্থ্য আছে তাদের পরিশ্রমের কাপড় ছাড়া জুমআর জন্য অন্য এক জোড়া কাপড় থাকলে কি অসুবিধা আছে?” (আবু দাউদ, ইবনে মাজাহ ১০৯৫-১০৯৬নং)

মহানবী ﷺ যার নিকট থেকে দুর্গন্ধ পাওয়ার আশঙ্কা করতেন, তাকে মসজিদের নিকটে আসতে বারণ করতেন।

সুতরাং কাজের পোশাক পাল্টাতে না পারলে আপনি আপনার কর্মক্ষেত্রেই নামায পড়ে নিন এবং মসজিদে এসে নামাযীদেরকে কষ্ট দেবেন না।

ধন্যবাদান্তে : ইমাম সাহেব